



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন  
www.bfbc.gov.bd  
বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার  
তেজগাঁও, ঢাকা-১২১৫।



**বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিমের ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী:**

সভাপতি : পরিচালক (ক্রয় ও বিপণন) ও ইনোভেশন অফিসার।  
সভার স্থান : পরিচালক (ক্রয় ও বিপণন) মহোদয়ের দপ্তর।  
তারিখ : ২৬/০২/২০২০ খ্রিঃ।  
সময় : বিকাল ২:৩০ ঘটিকা।

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'।

০১। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি বলেন যে, উদ্ভাবন কর্মপরিকল্পনার উদ্দেশ্য হলো সরকারি দপ্তরে উদ্ভাবনী কার্যক্রমকে সুশৃঙ্খল, নিয়মতান্ত্রিক ও প্রাতিষ্ঠানিকীকরণ করা। তিনি কেন্দ্রীয় ইনোভেশন টিমের সদস্য ব্যবস্থাপক (পরিকল্পনা)-কে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ২০১৯-২০ খ্রিঃ এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও সামগ্রিক অগ্রগতি উপস্থাপনের জন্য আহ্বান জানান।

০২। সভায় উপস্থিত সদস্যদের সাথে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ২০১৯-২০ খ্রিঃ এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্রঃ নং	কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
১	১.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন;	৩০-০৬-২০১৯ তারিখে কর্পোরেশনের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
	১.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ;	২৭-০৮-২০১৯ তারিখে কর্পোরেশনের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা সংশোধিত আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
	১.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ;	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে ৩০/১০/২০১৯ খ্রিঃ তারিখে প্রকাশ করা হয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা ও প্রশাসন বিভাগ
২	২.১ ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান;	প্রতি ০২ (দুই) মাসে একটি সভার আয়োজন করতে হবে। এখন পর্যন্ত ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। আজকে চতুর্থ সভা অনুষ্ঠিত হচ্ছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যসম্পাদনের লক্ষ্যে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিকল্পনা বিভাগ
	২.২ ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;	কর্পোরেশনের হিসাব নিয়ন্ত্রক জানান, উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত গৃহীত সিদ্ধান্তটি বাস্তবায়নে সকলের সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন।	গৃহীত সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়নে সম্মিলিত প্রচেষ্টা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট বিভাগ

*[Handwritten signature]*

*[Handwritten signature]*

ক্রঃ নং	কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
৩	৩.১ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ	অর্থ নিয়ন্ত্রক জানান, গত সভার সিদ্ধান্তের আলোকে ইনোভেশন সংক্রান্ত বাজেট বরাদ্দ ১.৫০ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ২.৫০ লক্ষ টাকা করা হয়েছে।	বাস্তবায়িত	অর্থ বিভাগ
	৩.২ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়	বরাদ্দকৃত অর্থের কমপক্ষে ৯০% ইনোভেশন সংক্রান্ত কাজে ব্যয় করার নির্দেশনা রয়েছে। ব্যবস্থাপক (পরিকল্পনা) জানান, গত ১৬/০২/২০২০ ও ১৭/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত সেবা সহজিকরণ সংক্রান্ত প্রশিক্ষণে ৪৪.৬৪৮ টাকা ব্যয় হয়।	বরাদ্দকৃত অর্থ নির্দেশনা মোতাবেক ব্যয়ের জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে	সংশ্লিষ্ট বিভাগ
৪	৪.১ উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার	ব্যবস্থাপক (পরিকল্পনা) জানান, ইতিমধ্যে মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে বিএফডিসি প্রধান কার্যালয়ের সভাকক্ষে সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত ০২ দিনের একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। তিনি আরও জানান, উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের একটি প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে অথবা মৎস্য সাব-সেক্টর ও প্রাণী সাব-সেক্টর কর্তৃক আলাদাভাবে আয়োজন করা হবে।	পর্যায়ক্রমে বাকি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	পরিকল্পনা বিভাগ
	৪.২ উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুইদিনের প্রশিক্ষণ আয়োজন			
	৪.৩ সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন			
৫	৫.১ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাই পূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ	সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত ২টি উদ্যোগ বাছাই করা হয়। বাছাইকৃত ধারণাগুলো নিম্নরূপ: ১. কেন্দ্রীয় মনিটরিং ব্যবস্থাপনা। ২. কাপ্তাই লেকের মৎস্য বিপণন চ্যানেল। ৩. ডেবা নার্সারি। ব্যবস্থাপক (পরিকল্পনা) জানান, গত ৩০/১০/২০২০ তারিখে নতুন উদ্ভাবনী উদ্যোগের তালিকা তথ্য বাতায়নে প্রকাশ করা হয়।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
৬	৬.১ নূন্যতম ০১ টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি	বার্ষিক কর্মপরিকল্পনায় ১৯-১২-২০১৯ তারিখের মধ্যে আদেশ জারি করার নির্দেশনা রয়েছে। ব্যবস্থাপক (পরিকল্পনা) জানান, কেন্দ্রীয় মনিটরিং ব্যবস্থাপনা এবং ডেবা নার্সারি নামক উদ্ভাবনী উদ্যোগ দুটি বাস্তবায়নের জন্য ১১/১২/২০১৯খ্রিঃ তারিখে অফিস আদেশ জারি করা হয়েছে।	বাস্তবায়িত	সংশ্লিষ্ট বিভাগ
	৬.২ উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন	০১-০৩-২০২০ তারিখের মধ্যে উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন সম্পন্ন করার নির্দেশনা রয়েছে।	বাস্তবায়িত	সংশ্লিষ্ট বিভাগ
৭	৭.১ নূন্যতম একটি উদ্ভাবন নিয়ে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত প্রদর্শনীতে (শোকেসিং) অংশগ্রহণ	১৫-০৫-২০২০ তারিখের মধ্যে উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত হবে। সেখানে কর্পোরেশন তার কেন্দ্রীয় মনিটরিং ব্যবস্থাপনা সংক্রান্ত উদ্ভাবনী আইডিয়া নিয়ে উপস্থিত হবে।	পাইলটিংয়ের জন্য নির্বাচিত উদ্ভাবনী উদ্যোগের বাস্তবায়ন কার্যক্রমের আলোকচিত্র যথাযথভাবে ধারণ করতে হবে।	সংশ্লিষ্ট ইউনিট/বিভাগ
	৭.২ প্রদর্শনীর মাধ্যমে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন	মন্ত্রণালয় কর্তৃক প্রদর্শনীর মাধ্যমে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করা হবে।	মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত হবে	মন্ত্রণালয়









ক্রঃ	কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
৮	৮.১ নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়ন	ব্যবস্থাপক (বাস্তবায়ন) জানান, কাপ্তাই কেন্দ্রে ডিজিটাল স্কেল ব্যবহারের সিদ্ধান্ত বাস্তবায়িত হওয়ার প্রেক্ষিতে অন্য দুটি উপকেন্দ্রে ডিজিটাল স্কেল চালু করার ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপক, রাজ্যমাটি বরাবর পত্র দেয়া হয়।	কাজের অগ্রগতি জানতে চেয়ে ব্যবস্থাপক, রাজ্যমাটি বরাবর একটি পত্র প্রদান করতে হবে।	বাস্তবায়ন বিভাগ
৯	৯.১ উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ফ্রেস্ট/পুরস্কার প্রদান	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় ০২ (দুই) জন উদ্ভাবককে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ফ্রেস্ট/পুরস্কার প্রদান করার নির্দেশনা রয়েছে।	কর্মপরিকল্পনা অনুযায়ী কর্পোরেশন কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে ০২ জন উদ্ভাবককে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ফ্রেস্ট/পুরস্কার প্রদান করতে হবে।	প্রশাসন বিভাগ
	৯.২ উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ	০২ জন উদ্ভাবককে দেশের ভেতরে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের নির্দেশনা রয়েছে। সাধারণত এটি মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত হয়ে থাকে। মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে অথবা দপ্তর/সংস্থা কর্তৃক আলাদাভাবে আয়োজন করা হবে কিনা সে বিষয়ে মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ রাখার বিষয়ে সকলে একমত পোষণ করেন।	০২ জন উদ্ভাবককে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের ব্যবস্থা নিতে হবে।	প্রশাসন বিভাগ
	৯.৩ উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ	০১ জন উদ্ভাবককে বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের নির্দেশনা রয়েছে। ব্যবস্থাপক (পরিকল্পনা) জানান, ইনোভেশন উপ-টিমের সদস্য ফিস প্রসেসিং টেকনিশিয়ান জনাব মোঃ রাসেল সিকদার গত ২৩ অক্টোবর, ২০১৯খ্রিঃ হতে ০১ ডিসেম্বর, ২০১৯খ্রিঃ পর্যন্ত চীনে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
১০	১০.১ ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/হালনাগাদকরণ	নিয়মিত বছরভিত্তিক তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করার নির্দেশনা রয়েছে। ব্যবস্থাপক (পরিকল্পনা) জানান, হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে।	নিয়মিত বছরভিত্তিক তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে।	পরিকল্পনা বিভাগ
	১০.২ বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য আপলোড/হালনাগাদকরণ	নিয়মিত বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবার তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করার নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে।	নিয়মিত বছরভিত্তিক তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে।	প্রশাসন ও পরিকল্পনা বিভাগ
	১০.৩ বাস্তবায়িত ডিজিটাল সেবার তথ্য আপলোড/হালনাগাদকরণ	২০১৮-১৯ অর্থ-বছরে অনলাইনে মাছ বিক্রির ডিজিটাল সেবাটি বাস্তবায়িত হয়। বাস্তবায়িত ডিজিটাল সেবার তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করার নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে।	অনলাইনে মাছ বিক্রি সংক্রান্ত ডিজিটাল সেবার তথ্য ওয়েবসাইটে আপলোড করতে হবে।	বিপণন বিভাগ
১১	১১.১ নূন্যতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা	কর্পোরেশনের সচিব জানান, প্রধান কার্যালয়ে ডিজিটাল হাজিরা ব্যবস্থা প্রবর্তনের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং খুব শীঘ্রই কর্পোরেশনে এ সেবাটি চালু হবে।	১৫/০৩/২০২০খ্রিঃ তারিখের মধ্যে ডিজিটাল হাজিরা ব্যবস্থা বাস্তবায়ন করতে হবে।	প্রশাসন বিভাগ

*Signature*



*Signature*




*Signature*

*Signature*




ক্রঃ নং	কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
১২	১২.১ ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন	কর্পোরেশনের হিসাব নিয়ন্ত্রক জানান, অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের আনুতোষিকের অর্থ সরাসরি তাদের ব্যাংক অ্যাকাউন্টে পাঠানো সংক্রান্ত নথি প্রস্তুত করা হয়েছে এবং এ সংক্রান্ত Online Payment Form নামে একটি নমুনা আবেদন ফরম তৈরি করা হয়েছে। ব্যবস্থাপক (পরিকল্পনা) জানান, ১৫/১০/২০১৯খ্রিঃ তারিখে সেবাটির পাইলটিং বাস্তবায়নের নিমিত্ত অফিস আদেশ জারি করা হয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
	১২.২ ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণ সারা দেশে সম্প্রসারণ/রেপ্লিকেশন	আনুতোষিক সংগ্রহ সেবা সমগ্র দেশেই পাওয়া যাবে। কোন অবসরভোগীকে তাই অর্থ উত্তোলন করতে প্রধান কার্যালয়ে আসতে হবে না। উল্লেখ্য, সহজিকরণ কৃত সেবা পদ্ধতি সারা দেশে সম্প্রসারণ/রেপ্লিকেশন এর জন্য ১৫-০৪-২০২০ তারিখের মধ্যে অফিস আদেশ জারি করার নির্দেশনা রয়েছে। কর্পোরেশন কর্তৃক গৃহীত কার্যক্রমটির পাইলটিং বাস্তবায়ন করা সম্ভব হলে এর মাধ্যমে কর্পোরেশনের কর্মরত প্রাক্তন সকল কর্মকর্তা/কর্মচারী (বিভিন্ন জেলার) সুবিধা ভোগ করতে পারবেন।	নির্ধারিত সময়ের মধ্যে সেবাটি সারাদেশে সম্প্রসারণ করতে হবে।	হিসাব বিভাগ
১৩	১৩.১ উদ্ভাবকগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ	প্রধান কার্যালয় কর্তৃক চলতি অর্থ-বছরে দুটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সিদ্ধান্ত ইতোমধ্যে গৃহীত হয়েছে। গৃহীত উদ্যোগ দুটির বিপরীতে বাস্তবায়ন কর্মপরিকল্পনা ইতোমধ্যে উদ্ভাবকদ্বয় কর্তৃক প্রণয়নপূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।	বাস্তবায়িত	পরিকল্পনা বিভাগ
	১৩.২ উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ	উদ্ভাবকদ্বয়ের একজন সভায় উপস্থিত হয়ে তার উদ্ভাবিত উদ্যোগের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। কর্পোরেশনের সচিব, উদ্যোগটির বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য উদ্ভাবককে পরামর্শ দেন।	পরবর্তী সভায় উদ্ভাবকদ্বয়কে আমন্ত্রণ জানাতে হবে।	পরিকল্পনা বিভাগ
	১৩.৩ মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান	পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিল ও সুপারিশের নির্দেশনা রয়েছে। ব্যবস্থাপক (পরিকল্পনা) জানান, প্রধান কার্যালয় থেকে উর্ধ্বতন কর্মকর্তারা বহিঃস্থ ইউনিট পরিদর্শনে গেলে সেখানে চলমান উদ্ভাবনী উদ্যোগসমূহ তারা সরেজমিনে পরিদর্শন এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে পারেন। এক্ষেত্রে দাখিলকৃত প্রতিবেদনে উদ্ভাবনী উদ্যোগটি পরিদর্শনের বিষয়টি উল্লেখ থাকতে হবে।	পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন বিভাগ
১৪	১৪.১ বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা (পাইলট ও সম্প্রসারিত)	পাইলটিং শেষে ২০-০৫-২০২০ তারিখের মধ্যে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশ করার নির্দেশনা রয়েছে। এটি মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে অথবা দপ্তর/সংস্থা কর্তৃক আলাদাভাবে করা হবে কিনা সে বিষয়ে মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে।	মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশ করতে	পরিকল্পনা বিভাগ
	১৪.২ সেবা সহজিকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা	সেবা সহজিকরণ শেষে ২০-০৫-২০২০ তারিখের মধ্যে ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশ করার নির্দেশনা রয়েছে। মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে অথবা দপ্তর/সংস্থা কর্তৃক আলাদাভাবে করা হবে কিনা সে বিষয়ে মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে।	মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশ করতে হবে।	পরিকল্পনা বিভাগ

ক্রঃ নং	কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
১৫	১৫.১ উদ্ভাবন পরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন	ব্যবস্থাপক পরিকল্পনা জানান, গত ১২-০১-২০২০ তারিখে অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।	বাস্তবায়িত (১২-০১-২০২০)	পরিকল্পনা বিভাগ
	১৫.২ উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ	ব্যবস্থাপক পরিকল্পনা জানান, গত ১৪-০১-২০২০ তারিখে অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। নির্ধারিত সময়ের পূর্বে অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরিত হওয়ায় সভায় সকলে সন্তুষ্টি জ্ঞাপন করেন।	বাস্তবায়িত (১৪-০১-২০২০)	পরিকল্পনা বিভাগ
	১৫.৩ উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন	১৫-০৭-২০২০ তারিখের মধ্যে বার্ষিক স্ব-মূল্যায়নের প্রতিবেদন করার নির্দেশনা রয়েছে।	নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করতে হবে।	পরিকল্পনা বিভাগ
	১৫.৪ উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ	২০-০৭-২০২০ তারিখের মধ্যে বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা রয়েছে।	নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পরিকল্পনা বিভাগ

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৪/৩/২০২০

(রশিদ আহমদ)

যুগ্ম সচিব

পরিচালক (ক্রয় ও বিপণন)

ও

ইনোভেশন অফিসার


কেন্দ্রীয় ইনোভেশন কমিটি।

পত্র নং-৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৫৮.১৯- ২২৮

তারিখঃ ২৪/০৩/২০২০খ্রিঃ।

বিতরণ-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, বামউক, ঢাকা।
- ২। ব্যবস্থাপক, বাস্তবায়ন বিভাগ-১/পরিকল্পনা/বিপণন, বামউক, ঢাকা।
- ৩। নিয়ন্ত্রক, হিসাব/অর্থ, বামউক, ঢাকা।
- ৪। বহিঃস্থ ইউনিট প্রধান.....।
- ৫। পিএস টু চেয়ারম্যান, বামউক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
২৪/০৩/২০২০

(মোঃ আইয়ুব আফনান)

অর্থ বিশেষক

পরিকল্পনা বিভাগ

ও

সদস্য সচিব

কেন্দ্রীয় ইনোভেশন টিম।